



MESSAGE

HONOURABLE PRESIDENT

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

০৫ চৈত্র ১৪২১

১৯ মার্চ ২০১৫

বাণী

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়-এর ১৪তম সমাবর্তন উদযাপিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী অর্জনকারী শিক্ষার্থীবৃন্দ, অভিভাবকবৃন্দ, শিক্ষকমণ্ডলী ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

প্রতিষ্ঠালগ্ন থেকেই ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় তার শিক্ষা দর্শন, মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম, দক্ষ ব্যবস্থাপনা এবং মেধা ও প্রয়োজনভিত্তিক বৃত্তি প্রদান-এর মাধ্যমে দেশের শিক্ষাব্যবস্থায় অনুকরণীয় ভূমিকা পালন করে চলেছে। নতুন ডিগ্রীধারী ছাত্র-ছাত্রীবৃন্দ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও আদর্শে অনুপ্রাণিত হয়ে তাদের নিজ নিজ কর্মক্ষেত্রে ত্যাগ, সাধনা ও সৃষ্টিশীলতা দ্বারা অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি।

আমি ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৪তম সমাবর্তনের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ